**<u>আলোচ্যসূচী-৩:</u> LIUPCP প্রকল্পের কার্যক্রম প্রসঙ্গে।**

**<u>আলোচনা:</u>** LIUPCP এর কার্যক্রম প্রসঙ্গে জনাব শাহানাজ বেগম, সোসিও ইকোনমিক ও নিউট্রিশন এক্সপার্ট, বলেন যে, LIUPCP প্রকল্পের সঞ্চয়-ঋণ কার্যক্রম ও অন্যান্য উন্নয়ন কার্যক্রম চলমান রয়েছে। নভেম্বর/২০২৩ মাসে চলমান ফুড বাস্কেট বিতরনের কার্যক্রমটি সমাপ্ত হবে। সঞ্চয়ের ক্ষেত্রে হ্যান্ড ক্যাশ ও ওভারডিউ ঋণ দ্রুত পরিশোধ করার ব্যবস্থা গ্রহণ। ডিজিটাল হেলথ ইনফরেমেশন সার্ভিসের ডাক্তার ভাই কর্মসূচির সেবা কার্যক্রমটি নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের প্রান্তিক জনগোষ্টীর পাশাপাশি সর্ব সাধারনের জন্য উন্মুক্ত রয়েছে।

**<u>সিদ্ধান্ত:</u>** LIUPC ও ডাক্তার ভাই প্রকল্পের চলমান কার্যক্রমটি সুষ্ঠভাবে দরিদ্র জনগোষ্টীর নিকট পৌছে দেয়ার লক্ষ্যে সকল ওয়ার্ড সচিবগণের সাথে সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**<u>আলোচ্যসূচী-৪ :</u> ঢাকা ফুড সিস্টেম প্রকল্প কার্যক্রম প্রসঙ্গে।**

**<u>আলোচনা:</u>** ঢাকা ফুড সিস্টেম প্রকল্প কার্যক্রম প্রসংঙ্গে জনাব আনোয়ারুল ইসলাম, ফুড সিস্টেম সিটি কর্ডিনেটর, ঢাকা ফুড সিস্টেম প্রকল্প জানান যে, Food and Agriculture Organization (FAO) এর অধীনে নিরাপদ খাদ্য উৎপাদন ও পারিবারিক পুষ্টির চাহিদা পূরনের জন্য নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সিদ্ধিরগঞ্জ ও বন্দর এলাকায় মোট ১৪টি ওয়ার্ডের ১২০০ দরিদ্র ও হতদরিদ্র পরিবারের সদস্যদেরকে ২ দিন ব্যাপী বসত বাড়ির আঙ্গীনায় সবজি উৎপাদনের উপর প্রশিক্ষন প্রদান করা হয় এবং প্রশিক্ষন শেষে অংশগ্রহনকারীদের সবজি বাগান করার জন্য কৃষি উপকরন প্রদান করা হয় ।

কৃষি উপকরন গুলো হল ২০ প্যাকেট সবজি বীজ (শীতকালীন ও গ্রীষ্মকালীন), রাসায়নিক ও জৈব সার ৫৬ কেজি(৫ পদের), ১০টি ফলের চারা, ৭টি জিওব্যাগ, কৃষি যন্ত্রপাতি-কোদাল ১টি, নিড়ানি ১টি ও ১টি পানি দেওয়ার ঝাঁঝড়ি ইত্যাদি।

**<u>সিদ্ধান্ত:</u>** ঢাকা ফুড সিস্টেম (DFS) প্রকল্পের ন্যায় কার্যক্রম গ্রহনের মাধ্যমে সবুজ নগরী গড়ে তোলার লক্ষ্যে এ খাতে NCC এর আগামী বাজেটে বরাদ্দ রাখার সুপারিশ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

জনাব ইফতেখার আলম খোকন
সভাপতি
সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার সংক্রান্ত স্থায়ী কমিটি
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

